



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**Bangladesh Open University**

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



মহাবৃ  
বুবুল  
আলম

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ৮ম সভার কার্যবিবরণী

তারিখ : ১৩-০৫-২০২১ ইং, বৃহস্পতিবার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাওবি)- এর Annual Performance Agreement টিমের ৮ম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ১৩.০৫.২০২১ তারিখ রাত ৮.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাবুবুল আলম এবং টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ২। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৩। ড. এছিচেম আলিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাওবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।

সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাবুবুল আলম, রেজিস্ট্রার, বাওবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

### আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাবুবুল আলম, রেজিস্ট্রার এবং সভাপতি, এপিএ টিম, বাওবি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন সেবা উন্নয়ন ও উজ্জ্বল শার্খার নির্দেশনা মোতাবেক সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নির্দেশিকা অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যগুলো এর জন্য নির্ধারিত নম্বর এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাওবিতে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার ব্যবস্থাপনার বিভিন্ন সময়ে বিভিন্নভাবে হয়ে থাকে তাই এসকল কার্যক্রমকে সুসমন্বয় করে সরকার কর্তৃক নির্ধারিত ফরম্যাটে কমিটি গঠন করার বিষয়ে সকলে মতামত প্রদান করেন এবং দ্রুত এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য টিম লিডার, এপিএ টিম-কে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

*Md. Mahabubul Alam*  
 নাজনীন আখতার  
 যুগ্ম পরিচালক (কাউন্সিল)  
 ও  
 ফোকাল পয়েন্ট, এপিএ-টিম  
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

*Md. Mahabubul Alam*  
 ড. মহাবুবুল আলম  
 রেজিস্ট্রার  
 এবং  
 টিম লিডার, এপিএ-টিম  
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।